DEC. 1 1 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...৮... কলাম ...... 

দৈনিক সংবাদ

# স্কলার'স স্কুলের নতুন যাত্রা

হাবিব আহমেদ

প্রোফাইল

অনেকে বলে থাকে যতদিন এগুচ্ছে তত ভর্তি সমস্যা প্রকট হচ্ছে। বছর শুরুতে অভিভাবকদের বাচ্চা স্কুলে ভর্তি নিয়ে চিন্তার কমতি থাকে না। ভাল স্কুলগুলোতে সামান্য কিছু আসনের জন্য হাজার হাজার ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেয়। ভর্তির সুযোগ পাওয়াদের মনে করা হয় 'আলাদিনের চেরাগ' পাওয়ার মতো ঘটনা। ভাল স্কুলের সমস্যা মেটাতে ঢাকার সোবহানবাগে প্রতিষ্ঠিত হয়েছে 'দি স্কলারস স্কুল ও কলেজ'। নবপ্রতিষ্ঠিত এ প্রতিষ্ঠানের উদ্দেশ্য শিক্ষার্থীদের প্রকৃত শিক্ষায় শিক্ষিত করা। এ জন্যে ষষ্ঠ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত জাতীয় শিক্ষাক্রম বোর্ডের বইগুলোতে ইংরেজিতে রূপান্তরের মাধ্যমে শিক্ষাদানের ব্যবস্থা করা হয়েছে। এ ধারায় শিক্ষার্থীকে ইংরেজিতে এসএসসি ও এইচএসসি পরীক্ষা দিতে পারবে। পাশাপাশি প্রতিষ্ঠানটিতে কম্পিউটার শিক্ষা বাধ্যতামূলক রাখা হয়েছে।

দি স্কলার স্কুল অ্যান্ড কলেজ কর্তৃপক্ষ থেকে দাবি করা হয়, এখানে স্কুলের পড়া স্কুলেই শেষ করে দেয়া হয়। এ জন্য বাড়তি গৃহশিক্ষকের প্রয়োজন পড়বে না।

এ প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠা করেন মীর শামসুজ্জোহা। লন্ডন প্রবাসী শামসুজ্জোহা দীর্ঘদিন যাবৎ বিভিন্ন শিক্ষামূলক প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত ছিলেন। এবার নিজস্ব অর্থায়নে প্রতিষ্ঠা করেন দি স্কলারস স্কুল অ্যান্ড কলেজ। এছাড়া প্রতিষ্ঠানটি পরিচালনার সাথে যুক্ত আছেন ইঞ্জিনিয়ার গোলাম ফাতাহ্।

ঢাকা কলেজের পদার্থবিদ্যা বিভাগের প্রাক্তন বিভাগীয় প্রধান অধ্যাপক রওশন আরা মতিন প্রতিষ্ঠানটির অধ্যক্ষের দায়িত্ব নিয়েছেন। এছাড়া কর্তৃপক্ষ থেকে জানানো হয়েছে, স্কুলের শিক্ষক-শিক্ষিকা বাছাইয়ের ক্ষেত্রে গভর্নিং বডি সব সময় দক্ষ শিক্ষক/শিক্ষিকা নিয়োগের চেষ্টা করছে।

এখানে প্রতিটি ছাত্রছাত্রীকে স্কুলের মতো করে গড়ে নেয়া হয়। কর্তৃপক্ষ জানিয়েছেন, ইংরেজি মাধ্যম বলে শিক্ষার্থীদের ভয়ের কোন কারণ নেই। উন্নত পরিবেশে ধানমণ্ডির ১৩নং রোডের ২নং বাসায় দি স্কলারস স্কুলটি অবস্থিত।